

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
বাজেট ও অডিট শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.minland.gov.bd](http://www.minland.gov.bd)

স্মারক নং- ৩১.০০.০০০০.০৩৮.০৩১.০১২.১৫(অংশ-১).১০৩

তারিখ: ১৫/০৬/২০১৭ খ্রি.

বিষয় : বাংলাদেশ সচিবালয়ের ৪ নং ভবনে অবস্থিত ভূমি মন্ত্রণালয়ে মাননীয় প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত কক্ষ, সম্মেলন কক্ষ, মাননীয় মন্ত্রীর কক্ষ, সচিব মহোদয়ের কক্ষ এবং সংশ্লিষ্ট অন্যান্য কক্ষে পুরাতন এয়ারকুলার পরিবর্তন, নতুন এয়ারকুলার সরবরাহ ও স্থাপন, উদ্ধর্তন কর্মকর্তাসহ ও করিডোরের প্রয়োজনীয় বৈদ্যুতিক ওয়ারিং, ফিটিং ফিকচার মেরামত নবায়ন ও সংস্কারসহ ইমারজেসি বৈদ্যুতিক লাইন স্থাপন কাজে ব্যয়িত অর্থ ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বাজেটে বরাদ্দকৃত অর্থ হতে ব্যয়ের সম্মতি প্রদান সংক্রান্ত।

সূত্র : প্রশাসন-১ অধিশাখা, ভূমি মন্ত্রণালয় এর স্মারক নং- ৩১.০০.০০০০.০৩৫.৬৮.০৪৬.১৪.৮৪৫, তারিখ: ২৩/০৬/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ১৮/৯/২০১৪ খ্রিঃ তারিখ ভূমি মন্ত্রণালয়ে মাননীয় প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত কক্ষ, সম্মেলন কক্ষ, মাননীয় মন্ত্রীর কক্ষ, সচিব মহোদয়ের কক্ষে পুরাতন এয়ারকুলার পরিবর্তন, নতুন এয়ারকুলার সরবরাহ ও স্থাপন, উদ্ধর্তন কর্মকর্তাসহ ও করিডোরের প্রয়োজনীয় বৈদ্যুতিক ওয়ারিং, ফিটিং ফিকচার মেরামত নবায়ন ও সংস্কারসহ ইমারজেসি বৈদ্যুতিক লাইন স্থাপন কাজ সম্পন্ন করার নিমিত্ত ভূমি মন্ত্রণালয়ের প্রস্তুতি সভায় নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৪ কে অনুরোধ জানানো হয়। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৪ ২৮/০৮/২০১৪ খ্রিঃ তারিখ ৩৬৭ নং স্মারকে কাজটি অপেক্ষাকৃত বড় আকৃতির হওয়ায় ২০১৪-১৫ অর্থ বছরের এ,পি,পি হতে ব্যয় নির্বাহ করা সম্ভব হবে না মর্মে ভূমি মন্ত্রণালয়কে জানান। পরবর্তীতে তিনি কাজটি সম্পন্ন করার একটি প্রাক্কলন প্রস্তুত করে প্রশাসনিক অনুমোদন ও অর্থ বরাদ্দের জন্য ভূমি মন্ত্রণালয়কে অনুরোধ করেন। ভূমি মন্ত্রণালয়ের ০২/০৯/২০১৪ খ্রিঃ তারিখ ১০৫৫ নং স্মারকে ১০/০৯/২০১৪ খ্রিঃ তারিখের মধ্যে যাবতীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম-বিভাগ-৪, ২য় ১২ তলা সেগুনবাগিচা, ঢাকা বরাবর পত্র প্রেরণ করেন। অতঃপর মন্ত্রণালয় ০২/০৯/২০১৪ খ্রিঃ তারিখ ১০৬৬ নং স্মারকে গণপূর্ত ই/এম বিভাগ-৪ হতে প্রাপ্ত প্রাক্কলন মোতাবেক প্রস্তাবিত ১৭,৮৬,২৯৬/- (সতের লক্ষ ছিয়াশি হাজার দুইশত ছিয়ানব্বাই) টাকা গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলীর অনুকূলে অপ্রত্যাশিত খাত থেকে বরাদ্দ প্রদানের জন্য অর্থ বিভাগকে অনুরোধ জানান। অর্থ মন্ত্রণালয় ২৫/৯/২০১৪ খ্রিঃ ২৩ নং স্মারকে এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের অনুকূলে প্রয়োজনীয় নির্দেশনা জারি করার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় অপ্রত্যাশিত খাত হতে অর্থ বরাদ্দের যৌক্তিকতা তুলে ধরে অর্থ বরাদ্দের জন্য অর্থ বিভাগকে অনুরোধ জানান।

২। অন্যদিকে নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত ই/এম বিভাগ-৪ ১৪/১০/২০১৫ খ্রিঃ তারিখ ৪৯৪ নং স্মারকে ভূমি মন্ত্রণালয়ের সংশোধিত বাজেটে অর্থ বরাদ্দের জন্য অনুরোধ জানান। ভূমি মন্ত্রণালয় ১৭/০৪/২০১৬ খ্রিঃ ৪২৯ নং স্মারকে এ বিষয়ে কিছু করণীয় নেই মর্মে গণপূর্ত ই/এম বিভাগ-৪ কে জানিয়ে দেয়া হয়। নির্বাহী প্রকৌশলীর গণপূর্ত ই/এম বিভাগ-৪ ২/৬/২০১৬ খ্রিঃ তারিখে ৫-১/২৬৩২ স্মারকে যুগ্মসচিব(প্রশাসন-২), ভূমি মন্ত্রণালয় এক আবেদনে জানান যে, জরুরী এ কাজটি সম্পন্ন করার জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক ১৭,৮৬,২৯৬/- (সতের লক্ষ ছিয়াশি হাজার দুইশত ছিয়ানব্বাই) টাকা বরাদ্দের জন্য দীর্ঘদিন বিভিন্নভাবে চেষ্টা করেও অদ্যাবধি অর্থ বরাদ্দ পাওয়া যায়নি। তাই তিনি ভূমি মন্ত্রণালয়ের সংশোধিত বাজেট হতে প্রাক্কলিত অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ভূমি মন্ত্রণালয়কে অনুরোধ জানান।

৩। উল্লেখ্য, ২০১৫-১৬ অর্থ বছরের সংশোধিত বাজেটে এ সংক্রান্ত কোন অর্থ বরাদ্দ পাওয়া যায়নি বিধায় ২০১৫-১৬ অর্থ বছরে অর্থ প্রদান করা সম্ভব হয়নি। গত ১০/০১/২০১৭ খ্রিঃ তারিখ ভূমি মন্ত্রণালয় এর বাজেট ব্যবস্থাপনা কমিটি BMC সভায় বিষয়টি নিয়ে আলোচনা হয় এবং প্রাক্কলিত অর্থ বরাদ্দ দেয়ার জন্য অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়।

অর্থ মন্ত্রণালয় ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বাজেটে ৭০০০ নির্মাণ ও পূর্ত নামে একটি নতুন কোড সৃজনপূর্বক অন্যান্য ভবন ও অবকাঠামো নামে ৭০১৬ উপখাতে ১৮,০০,০০০/- (আঠার লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করেছেন।

৪। এমতাবস্থায়, ২০১৪-১৫ অর্থ বছরে ভূমি মন্ত্রণালয়ে মাননীয় প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষ্যে বৈদ্যুতিক সংস্কারসহ ইমারজেন্সি বৈদ্যুতিক লাইন স্থাপন কাজ সম্পাদনে যে অর্থ ব্যয় হয়েছে তা ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বাজেটে অর্থনৈতিক কোড ৭০০০ নির্মাণ ও পূর্ত এর উপকোড অন্যান্য ভবন ও অবকাঠামো ৭০১৬ খাতে বরাদ্দকৃত ১৮,০০,০০০/- (আঠার লক্ষ) টাকা হতে ১৭,৮৬,২৯৬/- (সতের লক্ষ ছিয়াশি হাজার দুইশত ছিয়ানব্বাই) টাকা প্রদানের মঞ্জুরী আদেশ জারী করা যাবে কিনা এ বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি- বর্ণনানুযায়ী।

সিনিয়র সচিব  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃঃআঃ- উপসচিব, বাজেট-১৮, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়)

স্বা/-  
(মোছাঃ সেলিনা সুলতানা)  
সহকারী সচিব  
ফোন : ৯৫৪০০৫০ (অঃ)

স্মারক ন.- ৩১.০০.০০০০.০৩৮.০৩১.০১২.১৫(অংশ-১)১০৩/১(৪)

তারিখ: ১৫/০৬/২০১৭ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ০১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত ই/এম বিভাগ-৪, ২য় ১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৪। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের নিমিত্ত)।
- ০৫। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৬। অফিস কপি।
- ০৭। মাষ্টার কপি।

স্বা/-  
(মোছাঃ সেলিনা সুলতানা)  
সহকারী সচিব  
ফোন : ৯৫৪০০৫০ (অঃ)  
selinasultana1973@gmail.com